দৈনিক বাংলা

তারিখ 29 DEC 1991
পৃষ্ঠা 2 কলাম 6

183

# সোহরাওয়ার্দী কলেজে গুলি : বোমাবাজি

স্টাফ রিপোর্টার : বৃহস্পতিবার সকালে শহীদ সোহরাওয়ার্দী সরকারী কলেজ ছাত্র সংসদের কর্মকর্তাদের শপথ গ্রহণ অনুষ্ঠান চলাকালে একদল দুষ্কৃত-কারী সমবেত ছাত্রদের উপর গুলি বর্ষণ করে। দুষ্কৃতকারীরা এ সময় কয়েকটি ককটেলের বিস্ফোরণ ঘটায়।

ভীত সন্ত্রস্ত ছাত্ররা কলেজ প্রাঙ্গণে ছুটোছুটি শুরু করে দেয়। খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনা স্থলে পৌঁছে। এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য আট রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে।

এই ঘটনায় কেউ আহত হননি। ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে কাউকে গ্রেফতারও করা হয়নি।